



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet - 10

Class: 4



Subject: Bengali Gram(অনুচ্ছেদ)

Date: 19/08/2020

নিম্নলিখিত সূত্র গুলির সাহায্যে 'স্বাধীনতা দিবস' ---একটি অনুচ্ছেদ লেখ।

সূত্র :- ভূমিকা -- কবে থেকে ভারত পরাধীন হয়েছে - কত বৎসর পরাধীন ছিল
- কাদের প্রাণ উৎসর্গে ভারত স্বাধীনতা লাভ করে - স্বাধীনতা দিবসের শপথ।

স্বাধীনতা দিবস

স্বাধীনতা মানুষের গর্বের জিনিস। পৃথিবীতে কোনো প্রাণীই পরাধীন থাকতে চায় না, মানুষও নয়। তাই স্বাধীনতা দিবস যে কোনো মানুষের কাছে একটি গর্বের দিন। এটি একটি জাতীয় উৎসবের দিন। ১৭৫৭ সালের জুন মাসে পলাশীর প্রান্তরে ইংরেজ সেনাপতি রবার্ট ক্লাইভের হাতে বাংলার নবাব সিরাজের পরাজয় ঘটে। ভারতে এরপর থেকেই ইংরেজরা তাদের আধিপত্য বিস্তার করে। ধীরে ধীরে পুরো ভারত ইংরেজদের পদানত হয়। প্রায় দুইশত বছর পরাধীন থাকার পর ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট ভারত আবার স্বাধীন হয়। এই স্বাধীনতা আমরা সহজেই পেয়ে যাইনি। দেশকে স্বাধীন করার জন্য দলে দলে মানুষ ইংরেজদের নিষ্ঠুর অত্যাচারে প্রাণ উৎসর্গ করেছিলেন। ক্ষুদিরাম, সূর্য সেন, অরবিন্দ ঘোষ, সুভাষচন্দ্রের মতো মানুষ নিজেদের সুখস্বাচ্ছন্দের কথা না ভেবে দেশের স্বাধীনতার জন্য নিজেদের প্রাণ দিয়েছেন। স্বাধীনতা দিবসে এদের কথা বিশেষ ভাবে স্মরণ করতে হবে। শপথ নিতে হবে 'এই স্বাধীনতাকে প্রাণ দিয়ে আমরা রক্ষা করব'।

Manashi Chaudhuri